



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

২৫ জুন ২০২৪

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৯

তারিখ: -----

১১ আষাঢ় ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

মেয়াদি খণ্ড/বিনিয়োগের কিস্তি আদায় প্রসঙ্গে

খণ্ডের সুদহার নির্ধারণ সংক্রান্ত ০৮ মে ২০২৪ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে আন্তর্জাতিক উন্নত চর্চা অনুসরণ করে ব্যাংক খণ্ডের সুদহার সম্পূর্ণরূপে বাজারভিত্তিক করার লক্ষ্যে ব্যাংকিং খাতে খণ্ডের চাহিদা ও খণ্ডযোগ্য তহবিলের যোগান সাপেক্ষে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে খণ্ডের সুদহার নির্ধারণ করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হয়।
- ৩। বিদ্যমান বৈশ্বিক বিরূপ অর্থনৈতিক পরিস্থিতির প্রেক্ষাপটে SMART ভিত্তিক এবং বাজারভিত্তিক সুদহার উভয়ক্ষেত্রে ০১ জুলাই ২০২৩ এর পূর্বের নির্ধারিত সুদহার অপেক্ষা অধিক হওয়ায় শিল্প প্রতিষ্ঠানসমূহ এবং ব্যক্তিক পর্যায়ে গৃহ নির্মাণ খণ্ড গ্রাহীতাগণের প্রদেয় কিস্তির পরিমাণ বৃদ্ধির কারণে কিস্তি প্রদানে গ্রাহকগণ সমস্যার সম্মুখীন হচ্ছেন মর্মে বাংলাদেশ ব্যাংক অবহিত হয়েছে। বর্ণিতাবস্থায়, শিল্পায়ন ও রপ্তানির গতিধারা অক্ষুণ্ন রাখা এবং সীমিত আয়ের খণ্ডগ্রাহীদের খণ্ড পরিশোধে সক্ষমতা বজায় রাখার নিমিত্ত বিদ্যমান মেয়াদি শিল্প খণ্ড ও গৃহনির্মাণ খণ্ডের কিস্তির পরিমাণ বৃদ্ধি না করে মেয়াদ পুনর্বিন্যসের বিষয়টি বিবেচনার আবশ্যিকতা রয়েছে।
- ৪। এক্ষণে, ০১ জুলাই ২০২৩ তারিখের পূর্বে বিতরণকৃত মেয়াদি শিল্প খণ্ড (Industrial Term Loan) এবং ভোক্তা খণ্ডের আওতায় প্রদত্ত গৃহ খণ্ড (House Finance) এর কিস্তি আদায়ের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবে:
- ক) বিআরপিডি সার্কুলার নং-১০/২০২৪ অনুযায়ী নির্ধারিত সুদহার আরোপযোগ্য হবে। তবে ০১ জুলাই ২০২৩ তারিখের অব্যবহিত পূর্বে ব্যাংক কর্তৃক নির্ধারিত কিস্তির পরিমাণ অপরিবর্তিত রেখে খণ্ডের কিস্তি আদায় করতে হবে;
- খ) উপরোক্ত অনুচ্ছেদ নং-(ক) মোতাবেক কিস্তি আদায়ের নিমিত্ত প্রয়োজনীয় মেয়াদ বৃদ্ধি করা যাবে। এরূপ আদায়ের ক্ষেত্রে মেয়াদ বৃদ্ধি করা হলে তা বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২২ এর আওতায় খণ্ড পুনর্গঠন হিসেবে গণ্য হবে না;
- গ) বেতনভোগী চাকুরিজীবীগণ কর্তৃক তাদের বেতনের বিপরীতে গৃহীত খণ্ডের ক্ষেত্রে উক্ত গ্রাহকের চাকুরি হতে অবসর গ্রহণের সময়সীমার মধ্যে ব্যাংক তাদের নিজস্ব বিবেচনায় খণ্ডের অর্থ পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;
- ঘ) ৩১ মার্চ ২০২৪ তারিখে অশ্রেণিকৃত রয়েছে এমন খণ্ড হিসাবসমূহ উল্লিখিত সুবিধার আওতাভুক্ত হবে;
- ঙ) কোনো রূপান্তরিত মেয়াদি খণ্ডের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে না;
- চ) বাংলাদেশ ব্যাংক বা সরকার কর্তৃক প্রণীত/গঠিত কোনো প্রণোদনা প্যাকেজ/বিশেষ তহবিলের আওতায় প্রদত্ত খণ্ডের ক্ষেত্রে এ নির্দেশনা প্রযোজ্য হবে না; এবং

(পূর্ববর্তী পৃষ্ঠার পর হতে)

ছ) ব্যাংক কর্তৃক বর্ণিত সুবিধা প্রাপ্তির ঘোগ্য সকল খণ্ড গ্রহীতাদের এ বিষয়ে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সুবিধা গ্রহণের জন্য ইচ্ছুক খণ্ডগ্রহীতাকে ব্যাংকে লিখিত আবেদন করতে হবে। খণ্ডগ্রহীতার আবেদন প্রাপ্তি সাপেক্ষে এ সুবিধা প্রদান করতে হবে।

৫। ইসলামি শরীয়াহ ভিত্তিক ব্যাংকসমূহ তাদের প্রদত্ত বিনিয়োগের ক্ষেত্রে উল্লিখিত নির্দেশনা অনুসরণকরত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৬। এ সার্কুলার জারির প্রেক্ষিতে এতদ্সংক্রান্ত ০৮ এপ্রিল ২০২৪ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৭ এর নির্দেশনা রহিত করা হলো।

৭। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৮। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২